

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ১২ ডিসেম্বর ২০২২

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উপলক্ষ্যে আজ ১২ ডিসেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাযোগ্য মর্যাদায় ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করেছে। কনসাল জেনারেল মহোদয়সহ কনস্যুলেটের সকল কর্মকর্তা ও কর্মচারী, হংকংস্থ বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ আওয়ামী লীগ, হংকং শাখার নেতৃবৃন্দ এবং বাংলাদেশ এসোসিয়েশন অব হংকং এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের প্রারম্ভে ডিজিটাল বাংলাদেশ এর উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর অনুষ্ঠানে অংশগ্রহণকারী অতিথিবৃন্দ ‘ডিজিটাল বাংলাদেশ’ এর উপর আলোচনা করেন।

মান্যবর কনসাল জেনারেল তাঁর বক্তব্যের শুরুতে বলেন, ২০০৮ সালের ১২ ডিসেম্বর জাতীয় সংসদ নির্বাচনের আগে নির্বাচনী ইশতেহার ‘দিন বদলের সনদ’ ঘোষণা করেছিলেন বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আরো বলেন, পরবর্তীতে ২০০৯ সালের নভেম্বরে সাত দিনব্যাপী ‘ডিজিটাল বাংলাদেশ সামিট’ শীর্ষক সম্মেলন আয়োজনের মধ্য দিয়ে ‘ডিজিটাল বাংলাদেশ’ গঠনে সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যাপকভিত্তিক কার্যক্রম শুরু করে সরকার। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিক-নির্দেশনা ও মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয় এর সুযোগ্য নেতৃত্বে তিন মেয়াদে ১৩ বছর পেরিয়ে ডিজিটাল বাংলাদেশ গঠনে বর্তমান সরকার অনন্য সফলতা অর্জন করেছে। ডিজিটাল বাংলাদেশ-এর পথ ধরে, ২০৪১ সালের মধ্যে বঙ্গবন্ধুর ‘সোনার বাংলা’ গড়ার লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

উল্লেখ্য, দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং “ডিজিটাল বাংলাদেশ”-এর উপর একটি রচনা প্রতিযোগিতার আয়োজন করে, যেখানে উল্লেখযোগ্য সংখ্যক হংকংস্থ বাংলাদেশী শিশু-কিশোর অংশগ্রহণ করে।

